

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
সিপি-২ শাখা

স্মারক নং-০৫.০০.০০০০.১৯৬.২৩.০১৪.১৬.২২

১৬ ফাল্গুন, ১৪২৩ ব.  
তারিখ: -----  
২৮ ফেব্রুয়ারি, ২০১৭ খ্রি.

বিষয়: জনপ্রশাসন পদক ২০১৭ এর জন্য মনোনয়ন প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনপ্রশাসন পদক ২০১৭ প্রদানের জন্য ইতোমধ্যে মনোনয়ন আহ্বান করা হয়েছে। ২০১৬ সালে জনপ্রশাসন পদক প্রদানের ক্ষেত্রে বিভিন্ন জেলা ও মন্ত্রণালয় হতে প্রাপ্ত মনোনয়ন বাছাইয়ের ক্ষেত্রে উদ্ভূত অসুবিধা দূরীকরণের সুবিধার্থে নিম্নলিখিত বিষয়সমূহের প্রতি দৃষ্টি রেখে মনোনয়ন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

(ক) নীতিমালার ৯.খ.১.-এর কর্মপরিধির (ক) অনুচ্ছেদ মোতাবেক জেলা বাছাই কমিটি কর্তৃক মনোনয়নসমূহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের বাছাই কমিটিতে প্রেরণের নির্দেশনা থাকলেও কোন কোন জেলা হতে মনোনয়ন সরাসরি জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। এক্ষেত্রে জেলা বাছাই কমিটির মনোনয়ন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করতে হবে;


(খ) কোন কোন জেলা হতে একই ক্যাটাগরিতে একাধিক মনোনয়ন প্রেরণ করা হয়। এক্ষেত্রে নীতিমালার অনুচ্ছেদ ৯.খ.১. এর কর্মপরিধির (ক) এবং ৯.খ.২. এর কর্মপরিধির (ক) অনুযায়ী যথাক্রমে জেলা ও পরিদপ্তর/সংস্থা পর্যায়ের বাছাই কমিটি কর্তৃক প্রতিটি শ্রেণি ও ক্ষেত্রের বিপরীতে একটি করে সর্বোচ্চ ছয়টি মনোনয়ন বাছাই করে প্রেরণ করতে হবে;

(গ) কোন কোন ক্ষেত্রে মনোনয়নের সপক্ষে কোন তথ্য নির্ভর যুক্তি বা ব্যাখ্যা প্রদান করা হয়নি। এক্ষেত্রে নীতিমালার ৯.ক.৬. ও ৯.ক.৭ এবং অন্যান্য সংশ্লিষ্ট বিধান অনুসরণ করে সুস্পষ্ট ও সুনির্দিষ্ট তথ্যাদি প্রেরণ করতে হবে;

(ঘ) কোন কোন মনোনয়নের সাথে উপযুক্ত প্রমাণাদি প্রেরিত হয়নি। এক্ষেত্রে নীতিমালার অনুচ্ছেদ ৯.ক.৭. অনুযায়ী অবদানটিতে মনোনীত ব্যক্তি/ব্যক্তিবর্গের/প্রতিষ্ঠানের ভূমিকা ও সংশ্লিষ্টতা সম্পর্কিত প্রমাণাদি অবশ্যই থাকতে হবে;

(ঙ) নির্ধারিত সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর কোন কোন ক্ষেত্রে মনোনয়ন প্রেরণ করা হয়েছে। এক্ষেত্রে নীতিমালার অনুচ্ছেদ-৮ এ বর্ণিত বাস্তবায়ন সময়সূচি অনুসরণ করতে হবে।

০২। জনপ্রশাসন পদক নীতিমালা, ২০১৫ (২০১৬ সালে সংশোধিত) জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে ([www.mopa.gov.bd](http://www.mopa.gov.bd)) প্রকাশ করা হয়েছে।

  
(তনিমা তাসমিন)  
উপসচিব  
ফোন: ৯৫১৩৫৪৪

**বিতরণ :**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. সিনিয়র সচিব/সচিব  
-----মন্ত্রণালয়/বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. জেলা প্রশাসক ও সভাপতি, জেলা বাছাই কমিটি  
----- জেলা (সকল)।

অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। বিভাগীয় কমিশনার, -----বিভাগ (সকল)।
- ২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের অবগতির জন্য)।
- ৪। অতিরিক্ত সচিব (সিপিটি)-এর ব্যক্তিগত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের অবগতির জন্য)।
- ৫। অফিস কপি।